

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
১১২, সার্কিট হাউজ রোড, ঢাকা।

১৬ শ্রাবণ ১৪২৬

নং-১৫.৫৭.০০০০.০০৭.০৭.০০২.১৩ (অংশ-১)/৫৩৭০

তারিখ: ৩১ জুলাই ২০১৯

বিষয় : পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে সাংবাদিক-কর্মচারীদের বোনাসসহ বকেয়া বেতন-ভাতাদি পরিশোধের অনুরোধ।

সূত্র : ক) ৮ম সংবাদপত্র মঞ্জুরি বোর্ড বাস্তবায়ন মনিটরিং টিমের ১৮ জুলাই ২০১৯ তারিখের সভার সিদ্ধান্ত।

খ) চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের পত্র নং-১৫.৫৭.০০০০.০০৭.০৭.০০২.১৩ (অংশ-১)/৫১১৪, তারিখ: ২১ জুলাই ২০১৯

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে কিছু সংবাদপত্র ও সংবাদ সংস্থা নিয়মিত সাংবাদিক-কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাদি পরিশোধ করছে না। কোন কোন পত্রিকার নিকট সাংবাদিক-কর্মচারীদের কয়েক মাসের বেতন-ভাতাদি বকেয়া রয়েছে। আবার কিছু পত্রিকা সাংবাদিক-কর্মচারীদের আংশিক বেতন-ভাতা পরিশোধ করছে। বিদ্যমান অবস্থায়, সাংবাদিক-কর্মচারীদের পেশাগত দায়িত্ব পালনে যেমন অসুবিধা হচ্ছে, তেমনি পরিবার প্রতিপালনেও বেগ পেতে হচ্ছে।

উল্লিখিত পরিস্থিতি নিরসনে সূত্রোক্ত পত্রে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০১৯ এর পূর্বে সংবাদপত্র ও সংবাদ সংস্থাসমূহে কর্মরত সাংবাদিক, কর্মকর্তা, প্রেস শ্রমিক ও সাধারণ কর্মচারীদের বোনাসসহ বকেয়া বেতন-ভাতাদি পরিশোধের জন্য অনুরোধ করা হয়েছিল। তথাপি কিছু প্রতিষ্ঠান বকেয়া বেতন-ভাতাদি পরিশোধের ব্যবস্থা গ্রহণ করছেন না বলে অভিযোগ পাওয়া যাচ্ছে।

এমতাবস্থায়, সাংবাদিক-কর্মচারীদের পবিত্র ঈদুল আজহার বোনাসসহ বকেয়া বেতন-ভাতাদি পরিশোধের জন্য দ্রুত ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে তাগিদ প্রদান করা হলো। অন্যথায় সংশ্লিষ্ট সংবাদপত্রকে ওয়েবজবোর্ডের আওতায় প্রদত্ত সুবিধাদি প্রত্যাহারের ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাঃ-

মোহাম্মদ ইসতাক হোসেন
মহাপরিচালক

ফোন : ৮৩৩১০৩৪

ই-মেইল: dg@dfp.gov.bd

প্রাপক

সম্পাদক/প্রকাশক

দৈনিক.....

.....

.....

১৬ শ্রাবণ ১৪২৬

তারিখ: ৩১ জুলাই ২০১৯

নং-১৫.৫৭.০০০০.০০৭.০৭.০০২.১৩ (অংশ-১)/৫৩৭০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর (মিডিয়ায় ব্যাপক প্রচারের অনুরোধসহ), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ও সভাপতি ৮ম সংবাদপত্র মঞ্জুরি বোর্ড রোয়েদাদ বাস্তবায়ন মনিটরিং টিম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপসচিব (প্রেস-১), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র তথ্য অফিসার, মন্ত্রণালয়ের গণসংযোগ কর্মকর্তার দায়িত্বে নিয়োজিত, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রকাশক/সম্পাদক, ৮ম ওয়েবজবোর্ডের আওতায় বর্ধিত বিজ্ঞাপন হার প্রাপ্ত পত্রিকা সমূহ (সকল)।
- ৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
- ৯। সকল সম্মানিত সদস্য, ৮ম সংবাদপত্র মঞ্জুরি বোর্ড রোয়েদাদ বাস্তবায়ন মনিটরিং টিম, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ওয়েবসাইট www.dfp.gov.bd।
- ১১। অফিস কপি।



ডায়ানা ইসলাম সিদ্দী

উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা) ও

সদস্য সচিব

৮ম সংবাদপত্র মঞ্জুরি বোর্ড রোয়েদাদ বাস্তবায়ন মনিটরিং টিম
ফোন : ৯৩৩৩০৩৬, ই-মেইল: dfpaudit@gmail.com